বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-১৬

তারিখ: সেপ্টেম্বর ১২, ২০২৪
২৮ ভাদ্র, ১৪৩১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়গণ,

**প্রবাসে কর্মে নিয়োজিত থাকা অবস্থায় মৃত্যুবরণকারী বা দুর্ঘটনায় শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত বাংলাদেশীদের ক্ষতিপূরণ বাবদ আগত রেমিট্যান্সের বিপরীতে সরকারী প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী বিদেশে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী বা দুর্ঘটনায় শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত প্রবাসীদের নিয়োগ প্রদানকারী প্রতিষ্ঠান বা বীমা কোম্পানী হতে প্রাপ্ত ক্ষতিপূরণ বাবদ বৈধ উপায়ে দেশে প্রেরিত অর্থের বিপরীতে বিদ্যমান হারে রেমিট্যান্স প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। রেমিটকৃত অর্থের আয়ের উৎস সম্পর্কে প্রমাণকের ভিত্তিতে নিশ্চিত হতে হবে এবং আহরণের সাথে সাথে আবশ্যিকভাবে টাকায় রূপান্তর করতে হবে।

০৩। এ নির্দেশনা অত্র সার্কুলার জারির তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

০৪। রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা সংক্রান্ত ইতঃপূর্বে ইস্যুকৃত এফই সার্কুলার নং-৩১, তারিখঃ ০৬/০৮/২০১৯ এবং এর ধারাবাহিকতায় জারিকৃত সার্কুলার পত্রগুলোর অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্‌বিষয়ে অবহিতকরণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩